মেহেরপুরে আরাফাত রহমান কোকো স্মৃতি ক্লাব গঠন

মেহেরপুর শহরের ৫নং ওয়ার্ডের চক্রপাড়া মোড় এলাকায় আল-মারহুম আরাফাত রহমান কোকো স্মৃতি ক্লাব গঠন করা হয়েছে। নতুন কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ মনিরুল ইসলাম মনি এবং সাধারণ সম্পাদক হয়েছেন মোঃ ফূর্তি হাসান।

কমিটির অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন সিনিয়র সভাপতি মোঃ মনি সর্দার, সহ-সভাপতি মোঃ শামীম হোসেন, মোঃ সুজন আলী, মোঃ শফি, সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রফি, যুগ্ম সম্পাদক মোঃ সোহাগ, মোঃ জুয়েল, মোঃ বিল্লাল, সাংগঠনিক সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক মোঃ রতন আলী, মোঃ রাজন আলী, প্রচার সম্পাদক মোঃ মিনার, দপ্তর সম্পাদক মোঃ বিতন, কোষাধ্যক্ষ মোঃ তুহিন, ক্রীড়া বিষয়ক সম্পাদক মোঃ রাব্বি

ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোঃ শহর আলী।

এছাড়াও সদস্য হিসেবে হয়েছেন মোঃ বাঁধন, মোঃ কালাম, মোঃ শাহীন, মোঃ জীবন, মোঃ মাহাফিল, মোঃ রিটন, মোঃ রিমন, মোঃ মিলন, মোঃ মেহেদী হাসান, মোঃ সোহেল কাজী, মোঃ বাবু ও মোঃ সোহান।

নবগঠিত কমিটি এলাকার যুব সমাজের উন্নয়ন, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেছেন স্থানীয়রা।

মেহেরপুরে জিসান স্মৃতি ক্লাবের ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মল্লিকপাড়ায় জিসান স্মৃতি ক্লাবের উদ্যোগে একদিনব্যাপী জিসান স্মৃতি ক্লাব ফুটবল টুর্নামেন্ট ২০২৫ অনুষ্ঠিত

হয়েছে। গতকাল শুক্রবার দিনব্যাপী মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম। টুর্নামেন্টের সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মোঃ মেহেদী হাসান রোলেক্স।

দিনব্যাপী এই প্রতিযোগিতায় ১৬টি দল অংশগ্রহণ করে। ফাইনাল খেলায় মুখোমুখি হয় কুষ্টিয়া ফ্যামিলি ফুটবল একাদশ ও কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব। জমজমাট খেলায় কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব বিজয়ী হয়।

পরে, অতিথিদের হাত দিয়ে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।